

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৮৩

আগরতলা, ১০ আগস্ট, ২০২৪

উত্তর-পূর্ব হিমোফিলিয়া কনসোর্টিয়ামের ৭ম বার্ষিক সম্মেলন

রাজ্যের জনগণের স্বাস্থ্য সুরক্ষায় বর্তমান সরকার
ধারাবাহিকভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে : মুখ্যমন্ত্রী

রাজ্যের জনগণের স্বাস্থ্য সুরক্ষায় বর্তমান সরকার ধারাবাহিকভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। উন্নত স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণে রাজ্যের জেলা, মহকুমা ও গ্রামীণ জনপদে উপযুক্ত স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। আজ আগরতলার একটি বেসরকারি হোটেলে উত্তর-পূর্ব হিমোফিলিয়া কনসোর্টিয়ামের ৭ম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, রাজ্যের হেলথ সার্ভিসের ভারপ্রাপ্ত অধিকর্তা ডা. সৌভিক দেববর্মা, উত্তর পূর্ব হিমোফিলিয়া কনসোর্টিয়ামের সভাপতি ডা. জোরাম খোপে, রাজ্য স্বাস্থ্য মিশনের ম্যানেজিং ডিরেক্টর রাজীব দত্ত, ডা. জিনা ভট্টাচার্য।

সম্মেলনে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, হিমোফিলিয়া একটি বিরল এবং জিনগত রোগ। যা মানুষের শরীরে রক্ততঞ্চনে বাধা সৃষ্টি করে। সমীক্ষায় দেখা গেছে, গড়ে প্রতি ৫ হাজার জন মানুষের মধ্যে ১ জন এই রোগে আক্রান্ত হতে পারেন। আমাদের রাজ্যে বর্তমানে ৭৭ জন হিমোফিলিয়া রোগী নথিভুক্ত রয়েছেন। হিমোফিলিয়া রোগীদের নিয়মিত চিকিৎসার প্রয়োজন রয়েছে। সম্মেলনে মুখ্যমন্ত্রী আরও বলেন, আমাদের রাজ্যের আইজিএম হাসপাতাল হচ্ছে এই রোগের জন্য স্টেট নোডাল সেন্টার। আইজিএম হাসপাতাল জেলা ও মহকুমা হাসপাতালের সঙ্গে এ বিষয়ে সমন্বয় রেখে কাজ করছে। রাজ্যে বিনামূল্যে এই রোগের চিকিৎসায় সরকার উদ্যোগ নিয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, উত্তর-পূর্ব হিমোফিলিয়া কনসোর্টিয়াম এই রোগ নিরাময়ের লক্ষ্যে কাজ করছে। সম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন হিমোফিলিয়া রাজ্য নোডাল অফিসার ডা. মৃগাল দাস। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ডা. রজত দেববর্মা।
